# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ **ডিসেম্বর/২০২১ইং**

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৩টি | ১টি | ৪টি | ২টি | পূর্বের মাসের ১টি এবং বর্তমান মাসে অনলাইনে প্রাপ্ত ১টি সহ নিষ্পত্তিকৃত ২টি অভিযোগের বিবরণঃ<br>১। জনাব মোঃ আব্দুস সালাম, লিডসম্যান, হাইড্রোগ্রাফি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এবং জনাব আল মামুন মুন্না , মার্কম্যান, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা উভয়েরই স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পুনাইল, পোঃ দড়গ্রাম, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ। উল্লিখিত ২(দুই) জন কর্মচারীর বিরুদ্ধে গ্রামবাসীর পক্ষে জনৈক জনাব মোঃ লাল মিয়া কর্তৃক কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় বরাবর একটি অভিযোগ পত্র দাখিল করা হয়। অভিযোগ পত্রে উল্লেখ করা হয়, বর্ণিত ২(দুই) জন কর্মচারী দীর্ঘ দিন যাবৎ অফিস না করে বাড়ীতে বসে সরকারী সকল সুযোগ-সুবিধা ভোগ করছেন। এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের বিরুদ্ধে মিথ্যা মামলা এবং এলাকার বখাটে যুবকদেরকে নিয়ে ভয়-ভীতি ও হুমকি প্রর্দশন সহ অসামাজিক কাজে লিপ্ত রয়েছেন। এতে উক্ত এলাকার পরিবেশ নষ্ট সহ আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি হচ্ছে। পত্রে বর্ণিত অভিযোগগুলো সর্ম্পকে তথ্যানুসন্ধান করতঃ প্রতিবেদন দাখিলের নিমিত্ত জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। এ প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় যে, এলাকার গণ্যমান্য ব্যক্তির বিরুদ্ধে মিথ্যা মামলা এবং এলাকার বখাটে যুবকদের-কে নিয়ে ভয়-ভীতি ও হুমকি প্রদর্শন সহ অসামাজিক কাজে লিপ্ত থাকার অভিযোগটি প্রমানিত হয়নি। তবে তারা স্থানীয় মসজিদ পরিচালনার দায়িত্বে রয়েছেন এবং মসজিদ পরিচালনায় সৃষ্ট বিরোধের কারণে অভিযোগ দাখিল করা হয়েছে। এ প্রেক্ষিতে জনাব মোঃ আব্দুস সালাম, লিডসম্যান, হাইড্রোগ্রাফি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এবং জনাব আল মামুন মুন্না, মার্কম্যান, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা-কে অনত্র বদলী করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে। | ৩টি নতুন অভিযোগের বিবরণ ঃ<br>০১। জনাব মোঃ আব্দুল মোতালেব, মাষ্টার পাইলট সুপারভাইজার, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্রগ্রাম এর বিরুদ্ধে অনৈতিক কাজ ও ভিন্ন কৌশলে অর্থ আত্মসাৎ করা এবং হয়রানির বিষয়ে জনাব মোঃ শফিকুর রহমান, পরিচালনাকারী ম্যানেজার, ফয়সাল নেভিগেশন কোম্পানী(মোবাইল নং ০১৬১২-৯০০৩০০) কর্তৃক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা বরাবর অভিযোগপত্র দাখিল করা হয়। বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত করে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অভিযোগ পত্রটি এ কর্তৃপক্ষে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>০২। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিবহন পরির্দশক, নৌ-নিরাপত্তা ও ট্রফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, পটুয়াখালী এর বিরুদ্ধে বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান আউলিয়াপুর-চরমোহন নৌ-রুটের ট্রলার মালিক জনৈক জনাব মুহিব্বুল এর কথোপকথনের একটি অডিও ক্লিপ প্রাপ্ত হয়েছেন। উক্ত অডিও ক্লিপে ট্রলার/জাহাজের কাগজপত্র করে দেয়ার নামে জনাব বিল্লাল খন্দকার, মনির বয়াতি, মুহিব্বুল ও সাইফুল চৌকিদারের নিকট হতে অর্থ গ্রহণ করা হয়েছে মর্মে অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>০৩। জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা এর বিরুদ্ধে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে জনৈক জনাব মোঃ নুর হোসেন সিকদারের নিকট হতে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাঁশ হাজার) টাকা, জনাব মোঃ আব্দুল রহিম-১, অবসর প্রাপ্ত পাইলট বিআইডব্লিউটিএ'র নিকট হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং জনাব মোঃ আক্কাছ আলীর নিকট হতে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা গ্রহণ করেন। চাকুরী না হওয়ায় বারংবার টাক ফেরৎ চাওয়া হলে তিনি টাকা ফেরৎ না দেয়ায় কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পৃথক ৩(তিন)টি লিখিত অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ২৩/১২/২০২১ইং তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | - | - | - |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ০২। অনলাইনে ট্র্যাকিং নাম্বার ১৭১৮০৪৩৪৮৩১০২, তারিখঃ ১৮-১২-২০২১ইং এর মাধ্যমে মোঃ শামীম মিয়া (মোবাইল নম্বরঃ ০১৭১৮-০৪৩৪৮৩) একটি অভিযোগ দাখিল করা হয়। অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, বিআইব্লিউটিএ'র (নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২/২০২০) মার্কম্যান পদে গত ২৩/০২/২০২১ইং তারিখে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীণ হওয়া সত্ত্বেও তিনি নিয়োগ পাননি। তার রোল নং-১৮৫৬। উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখ্য যে, জনাব মোঃ শামীম মিয়া, মার্কম্যান পদে মৌখিক পরীক্ষায় আংশ গ্রহণ করেছেন। কিন্তু তিনি উত্তীর্ণ হননি। সুতরাং মৌখিক পরীক্ষায় উত্তীণ না হওয়ায় তাকে উক্ত পদে নিয়োগ করা সম্ভব হয়নি। তিনি মার্কম্যান পদের মৌখিক পরীক্ষায় উত্তীণ হননি বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২৩/১২/২০২১ইং তারিখে অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে। | | | |

02/01/2022
মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

2/1/2022
মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)

এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (মানব সম্পদ)

স্বাক্ষর- 02.01.2022
নামঃ মুহাম্মদ আবু জাফর হাওলাদার
পদবীঃ পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইলঃ dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩